**উপজেলা পরিষদের অক্টোবর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মো: হাবিবুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা
সভার তারিখ ও সময় : ১৯.১০.২০২৩ খ্রিঃ, বেলা ১০.৩০ টা।
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-খ
সভায় কর্মকর্তার স্থলে উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা: পরিশিষ্ট-গ

সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণাকে কার্যবিবরণী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা কর্মকর্তার প্রতিনিধি মেডিকেল অফিসার ডা. নয়ন ঘোষ সভায় জানান যে, জরুরী বিভাগ, অন্ত: বিভাগ, বহির্বিভাগে রোগীদের সেবা অব্যাহত রয়েছে। বিনামূল্যে ডেঙ্গু পরিক্ষা করা হচ্ছে। হাসপাতালে রক্ত, মূত্র ও এক্সরে ইসিজি পরিক্ষা করা হচ্ছে। গর্ভবতী মায়েদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এএনসি কর্নারে সেবা অব্যাহত রয়েছে এবং শিশুদের জন্য পৃথক আইএমসিআই কর্ণারে সেবা অব্যাহত রয়েছে। অসংক্রামক রোগে আক্রান্ত (উচ্চরক্তচাপ, ডায়াবেটিস) রোগীদের সেবা দ্রুততার সহিত নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এনসিডি কর্ণার চালু হয়েছে। তাছাড়া গত মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৮০ টি সফল নরমাল ডেলিভারি করা হয়। | (ক) অক্টোবর/২৩ মাসের স্বাস্থ্য বিভাগের বিস্তারিত কার্যক্রম সভায় অবহিত করতে হবে।<br>(খ) স্বাস্থ্য বিভাগের নির্ধারিত সভাসমূহ নিয়মিত করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, মদন। |
| ২. | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে সারের কোন ঘাটতি নেই। ডিলারদের কাছে পর্যাপ্ত কীট নাশক মজুদ আছে। সার বীজের কৃত্রিম সংকট রোধে কার্যক্রম অব্যাহত আছে।<br>তিনি আরো জানান, কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে মাঠ পর্যায়ে সভা করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে। রবি মৌসুম উপলক্ষে উপজেলা কৃষি অফিস কর্তৃক মাঠ পর্যায়ে সেবা প্রদান করা হচ্ছে। উপ-সহকারি কর্মকর্তাগণ প্রান্তিক কৃষকদের সরেজমিনে বিভিন্ন পরামর্শ প্রদান করে যাচ্ছে।<br>তিনি আরো জানান যে, যথাযতভাবে তালিকা প্রস্তুত করে সার ও বীজ বিতরণ করা হবে। শাক-সবজি চাষে বীজ কৃষকদের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য ADP থেকে প্রকল্প নেওয়া হয়েছে।<br>তিনি বাড়ির আশেপাশে পতিত জায়গায় শাকসবজি চাষের জন্য সবাইকে আহ্বান জানান | (ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের রাখতে হবে।<br>(গ) প্রনোদনার সার ও বীজ বিতরণের লক্ষ্যে কৃষকদের তালিকা প্রস্তুতপূর্বক বিতরণ করে সভায় অবহিত করতে হবে।<br>(ঘ) ADP থেকে প্রকল্প নেওয়া সার ও বীজ যথাযতভাবে বিতরণ করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, মদন<br>সংশ্লিষ্ট সকল |
| ৩. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়ীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার জন্য মেডিকেল টিম গঠন করা হয়েছে এবং কার্যক্রম চলমান আছে।<br>তিনি আরো জানান যে, গবাদিপশু, হাঁস-মুরগির টিকা কার্যক্রম চলমান আছে। PPR এর ভ্যাকসিন প্রদান করা হচ্ছে। কিছু ভ্যাকসিন সংরক্ষণ করা আছে।<br>তিনি আরো জানান, কুচুরীকোনা গ্রামে হ্যাচারিগুলোকে নিয়ে একটি ইউনিট করা হয়েছে। তাদের ট্রেইনিং ও ঋণ বিতরণে জন্য সংশ্লিষ্ট সকলের নিকট অনুরোধ জানান। | (ক) গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়ীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>(খ) উপজেলা প্রাণিসম্পদ কর্তৃক কোন প্রশিক্ষণ চলমান আছে কিনা তা সভায় অবহিত করতে হবে।<br>(গ) PPR ভ্যাকসিন কার্যক্রম সমাপ্ত করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন |
| ৪. | **উপজেলা মৎস্য বিভাগঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। হাওরে মাছ দিন দিন কমে যাচ্ছে, তাই মৎস্য বাড়াতে হবে। এখন ইলিশ মাছ ধরা ও বিক্রি করা নিষেধ। এ বিষয়ে মোবাইল কোর্ট এবং অভিযান চলমান আছে।<br>তিনি আরো জানান যে, মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে, মোবাইল কোর্ট এবং অভিযান চলমান আছে। পোনা মাছ নিধন বন্ধে বাজার, বিল ও হাওর মনিটরিং করা হচ্ছে। এছাড়াও স্বাস্থ্যসম্মত ও নিরাপদ মাছ সরবরাহের লক্ষ্যে উপজেলা মৎস্য বিভাগ কাজ করে যাচ্ছে।<br>গ্রামের প্রান্তিক পর্যায়ে মৎস্যজীবীদের নিয়ে সচেতনতামূলক সভা আয়োজন করা হচ্ছে।<br>সকল মৎস্যজীবী সমিতিকে নিয়ে মাছ ধরার বিষয়ে সচেতনতামূলক সভা চলমান আছে।<br>প্রান্তিক জেলেদের তালিকা তৈরির কাজ চলমান আছে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে মৎস্য চাষীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) যেসকল জলাশয় ইজারা প্রদান করা হয়না সেসকল জলাশয় অভয়াশ্রম হিসেবে ব্যবহার করা যায় কিনা এবং সে সমস্ত জলাশয়ের তালিকা প্রস্তুত করে সভা অবহিত করতে হবে।<br>(ঘ) প্রান্তিক জেলেদের তালিকা তৈরির কাজ দ্রুত শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, মদন<br>সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ৫. | **উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী জানান যে, "নেত্রকোণা জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন" প্রকল্প ০৩ রাস্তা অনুমোদন হয়েছে। এর মধ্যে ২ টি প্রকল্প টেন্ডার হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপির আওতায় দ্রুত প্রকল্প নির্বাচনপূর্বক কার্যক্রম শুরু করা হবে। মদন টু ফতেপুর রাস্তার সংস্কার/মেরামত প্রাক্কলন করে পাঠানো হয়েছে।<br>সকল ইউনিয়ন পরিষদ মেরামত করার লক্ষ্যে তথ্য প্রদান করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপির আওতায় দ্রুত প্রকল্প নির্বাচনপূর্বক কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) মদন টু ফতেপুর রাস্তার সংস্কার/মেরামত কাজ দ্রুত শুরু করে কাজের অগ্রগতি সভায় অবহিত করতে হবে<br>(গ) ইউনিয়ন পরিষদসমূহ মেরামত করার লক্ষ্যে তথ্য সংগ্রহপূর্বক প্রাক্কলন প্রস্তুত করে জেলায় পাঠানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) পুরাতন টিনশেড হাফ বিল্ডিং এর স্থানে সৌন্দর্য্যবর্ধনে জন্য ডিজাইন করে সভায় অবহিত করতে হবে<br>(ঙ) RMP মহিলাদের কাজের তথ্যাদি সভায় অবহিত করতে হবে। | উপজেলা প্রকৌশলী, মদন<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৬. | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলায় ০৩ স্বাস্থ্য কেন্দ্রে ডেলিভারী হয়। তিয়শ্রী হাসপাতালের ও মাঘান হাসপাতালের সামনে অবৈধ দোকান হয়ে গেছে তা দ্রুত সরানোর জন্য চেয়ারম্যান মাঘান ইউনিয়ন পরিষদের সহযোগিতা কামনা করেন। এক্ষেত্রে মোবাইল কোর্ট করে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।<br>তিনি আরো জানান যে, জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি প্রদান কার্যক্রম চলমান আছে। | (ক) তিয়শ্রী হাসপাতালের ও মাঘান হাসপাতালের সামনে অবৈধ দোকান উচ্ছেদ করে সভায় অবহিত করতে হবে। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, তিয়শ্রী, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, মাঘান<br>ও<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, |
| ৭. | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে টি আর কাবিখার প্রকল্পের কাজ চলমান আছে।<br><br>২য় পর্যায়ের ৪২টি বীর নিবাস নির্মাণ প্রকল্পের কাজ চলমান রয়েছে। বিল না পাওয়ায় কার্ক্রম শেষ করা যাচ্ছে না।<br><br>তিনি আরো জানান শহীদ মুক্তিযোদ্ধা ও প্রয়াত মুক্তিযোদ্ধা কবরস্থান সংরক্ষণের এখন পর্যন্ত কোন তালিকার তথ্য পাওয়া যায়নি। | (ক) বীর নিবাস প্রকল্পের নির্মাণ কাজ দ্রুত শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) শহীদ মুক্তিযোদ্ধা ও প্রয়াত মুক্তিযোদ্ধা কবরস্থান সংরক্ষণের নতুন করে সভা করে তালিকা প্রস্তুত করে সভায় অবহিত করতে হবে।<br><br>(গ) ২০২৩-২৪ অর্থ বছরে টি আর কাবিখার প্রকল্পের কাজ দ্রুত শুরু করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন। |
| ৮. | **উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি অফিস সহকারী জনাব আজহারুল ইসলাম জানান যে, বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার জন্য ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>তাছাড়া উপজেলায় ০৯টি কিশোর-কিশোরী ক্লাব আছে। যা প্রতি সপ্তাহে শুক্রবার ও শনিবার সকাল ১০.০০ থেকে ১২.০০ টা পর্যন্ত কিশোর কিশরীদের আবৃত্তি, সঙ্গীত, জেন্ডার বৈষম্য, বাল্যবিবাহ, ইভটিজিং ও নারী নির্যাতন সম্পর্কে সচেতনতা বিষয়ে শিক্ষা প্রদান করা হয়। | (ক) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা কিশোর-কিশোরী ক্লাবের সচিত্র প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>ও<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৯. | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, আমি গতমাসে যোগদান করেছি, মানসম্মত শিক্ষাই দেশকে উন্নত করতে পারবে, এ লক্ষ্যে আমি কাজ করে যাবো।<br><br>তিনি আরো জানান, বিদ্যালয়ে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা হচ্ছে।<br><br>তিনি আরো জানান যে, কোন কোন বিদ্যালয়ের মাঠ/বাউন্ডারী/ভবন এর সংস্কার অথবা নির্মাণ কাজ করতে হবে তার তালিকা তৈরীর কাজ চলমান আছে। | (ক) বিদ্যালয় সঠিক সময়ে খুলে কিনা? নিয়মিত শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা আকস্মিক পরিদর্শনপূর্বক তথ্য সভায় অবহিত করবেন।<br><br>(খ) কোন কোন বিদ্যালয়ের মাঠ/বাউন্ডারী/ভবন এর সংস্কার অথবা নির্মাণ কাজ করতে হবে তার তালিকা তৈরীর কাজ দ্রুত শেষ করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, মদন |
| ১০. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর প্রতিনিধি একাডেমিক সুপারভাইজার জোসনা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নোয়াপাঁও আফতাব হোসেন একাডেমীর বাউন্ডারী ওয়াল তৈরীর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে সভায় অবহিত করতে করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ও<br>সংশ্লিষ্ট |
| ১১. | **উপজেলা সমাজসেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, অত্র উপজেলা সমাজসেবা দপ্তর ঋণ সুবিধা কার্যক্রমের চলমান আছে।<br><br>তিনি আরো জানান যে, বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদান করা হয়।<br><br>মদন উপজেলার সকল এতিমখানা পরিদর্শন কার্যক্রম অব্যাহত আছে। | (ক) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) মদন উপজেলার সকল এতিমখানা পরিদর্শন করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ২ | **উপজেলা যুব উন্নয়ন অফিস :** উপজেলা যুব উন্নয়ন অফিসার কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। সভায় সর্ব সম্মতিতে সিদ্ধান্ত গৃহীত | (ক) উপজেলা যুব উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br><br>(খ) এলাকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋন আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন |
| ৩ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস:** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিরতণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে কার্যক্রম চলমান আছে।। | (ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মদন |
| ৪ | **ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন শাখাঃ** ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলমান রয়েছে। খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন |
| ৫ | **জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ** উপসহকারী প্রকৌশলী কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | আশ্রয়ণ প্রকল্পের গভীর নলকূপ স্থাপনের জন্য দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, মদন |
| ৬ | **উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, পল্লী দারিদ্র বিমোচন অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলমান রয়েছে। কৃষিজীবিকায়ন ঋণ ও প্রনোদনা ২য় পর্যায়ের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন। |
| ৭ | **উপজেলা সমবায় অফিস :** উপজেলা সমবায় কর্মকর্তা জানান উপজেলায় অডিটযোগ্য মোট ৫৭টি সমবায় সমিতি রয়েছে। সমবায় সমিতিগুলো নিয়মিত অডিট, পরিদর্শন, তদারকি, ব্যবস্থাপনা কমিটির নির্বাচন, সমবায়ীদের সমন্বয়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ, বিভিন্ন সমবায় ইনস্টিটিউটে প্রশিক্ষণার্থী প্রেরণ,বার্ষিক সাধারণ সভা ও বিধি মোতাবেক অডিট ফি, সমবায় উন্নয়ন তহবিল আদায় কার্যক্রম অব্যাহত আছে। | (ক) মদন উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা,মদন |
| ৮ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ :নিয়মিতভাবে স্থায়ী কমিটি সমূহের সভা অনুষ্ঠানের জন্য বিভাগীয় কর্মকর্তাদেরকে অনুরোধ জানান। | নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করে আগামী সভার ০৩ দিন পুর্বে কার্যবিবরণী প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), মদন। |
| ৯ | চেয়ারম্যান, উপজেলা পরিষদঃ সভায় জানান যে, এ উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানান। প্রত্যেককে ন্যায় ও সততার সাথে সঠিক ভাবে কাজ করার অনুরোধ জানান। | প্রত্যেক দপ্তরের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), মদন। |

২। বিবিধ আলোচনা উপজেলা নির্বাহী অফিসার জানান চানগাঁও,মদন,গোবিন্দশ্রী,মাঘান,নায়েকপুর ও ফতেপুর ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ মহল্লাদার পদেনিয়োগের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের১১ জুন২০২৩তারিখের০৫.৪৫.৭২৫৬.০০০.১৮.০১৪.২২.৩৮৬নং স্মারক মোতাবেক জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তিমূলে ১৮১০২০২৩ তারিখ মৌখিক পরিক্ষার প্রেক্ষিতে এবং তারিখের নিয়োগ কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ১৬ জন মহল্লাদারকে নিয়োগপত্র প্রদানের জন্য সুপারিশ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ১৬ জন মহল্লাদারকে নিয়োগপত্র প্রদানের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন এবং নিয়োগপত্র প্রেরণ সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/১০/২৩

(মো: হাবিবুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মদন, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২৫৬.০০০.০৬.০০২.২২.৭২২(৩১) তারিখঃ ১৯.১০.২০২৩ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা.....................................কর্মকর্তা, মদন, নেত্রকোণা
২. মেয়র, মদন পৌরসভা, মদন, নেত্রকোণা
৩. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা
৪. চেয়ারম্যান (সকল)..............................ইউপি, মদন, নেত্রকোণা
৫. অফিস কপি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. মাননীয় সংসদ সদস্য, ১৬০ -নেত্রকোণা-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা
২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা
৫. চেয়ারম্যান, উপজেল পরিষদ, মদন, নেত্রকোণা

(মো: শাহ আলম মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা
unomadan@mopa.gov.bd

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, মদন, নেত্রকোণা | |
| ২. উপজেলা কৃষি অফিসার, মদন, নেত্রকোণা। | ১. মাননীয় সংসদ সদস্য-১৬০, নেত্রকোণা-০৪ জুম প্লাটফর্মে যুক্ত |
| ৩. উপজেলা মৎস্য কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ৪. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ৫. উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মদন, নেত্রকোণা। | ৪. চেয়ারম্যান, ০৭ নং নায়েকপুর ইউনিয়ন পরিষদ |
| ৬. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৫. চেয়ারম্যান, ০৩ নং মদন ইউনিয়ন পরিষদ |
| ৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৬. চেয়ারম্যান, ০৪ নং গোবিন্দশ্রী ইউনিয়ন পরিষদ |
| ৮. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নেত্রকোণ। | ৭. চেয়ারম্যান, ০৫ নং মাঘান ইউনিয়ন পরিষদ |
| ৯. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মদন, নেত্রকোণা। | ৮. চেয়ারম্যান, ০৬ নং তিয়শ্রী ইউনিয়ন পরিষদ |
| ১০. উপজেলা সমবায় কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৯. চেয়ারম্যান, ০৮ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ। |
| ১১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১২. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১৩. উপজেলা শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১৪. ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, মদন, নেত্রকোণা। | |

অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-খ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ১. মেয়র, মদন পৌরসভা |
| ২. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মদন, নেত্রকোণা। | ২. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ৩. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন, নেত্রকোণা | ৩. চেয়ারম্যান, ০১ নং কাইটাইল ইউনিয়ন পরিষদ |

কর্মকর্তা/জনপ্রতিনিধি ব্যতিত উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা পরিশিষ্ট-গ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মদন, নেত্রকোণা এর স্থলে জনাব মো: আজহারুল ইসলাম, অফিস সহকারী<br>২. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন, নেত্রকোণা | - |

(মো: শাহ আলম মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা